দৈনিক বাংলা

তারিখ ... 19 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

১২৭

28

# সিরাজগঞ্জে যমুনার ভাঙ্গনে বিলীন স্কুল চলছে কাগজ কলমে

**নিজস্ব সংবাদদাতা :** সিরাজগঞ্জ, ১৮ অক্টোবর।—স্কুলগৃহ এবং প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে সিরাজগঞ্জ জেলায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

সিরাজগঞ্জ জেলায় ১ হাজার ২শ' ৩৩টি বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৮শ' ৭৯টি প্রাথমিক বিদ্যালয় সরকারী। সরকারী স্কুলগুলোর মধ্যে ৩১টি বিদ্যালয় যমুনা নদীর ভাঙ্গনে বিলীন হয়েছে। এসব স্কুলগৃহ আর নতুন করে স্থাপন করা বেসরকারী বিদ্যালয়গুলো চলছে শুধুমাত্র কাজগ-কলমে। শিক্ষকরা কোন বেতন-ভাতা না পাওয়ায় তারা আসেন অনিয়মিত।

সরকারী বেসরকারী সব প্রাইমারী স্কুলেই চেয়ার-বেঞ্চের সংখ্যা অপ্রতুল। আসনের অভাবে ছাত্র-ছাত্রীরা মেঝেতে বসে ক্লাস করে। সদর থানার ধীতপুর প্রাইমারী স্কুলের ছাত্র সংখ্যা ৪শ' ১ জন। অথচ এ সরকারী বিদ্যালয়টিতে বেঞ্চ রয়েছে মাত্র ৫ খানা। অন্যান্য বিদ্যালয়ের চিত্র একই ধরনের।